ফেসবুকে ভুয়া আইডি চিরতরে বন্ধ

!

নতুন বেশ কিছু বদল আনতে চলেছে ফেসবুক। ভুয়া অ্যাকাউন্ট হোল্ডারদের মূলত ফাঁপরে ফেলতেই এমনতর ভাবনাচিন্তা করছে এই সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম। কোনো প্রোফাইল পিকচার ছাড়া, নিজ সম্বন্ধে সামান্য তথ্য জানালে আরো বিপদ! কিছুই করার থাকবে না! কারণ, আপনার ফোন নম্বর আর ছবি—এসবই চেয়ে বসবে এই সোশ্যাল মিডিয়া জায়ান্ট।

তবে প্রাত্যহিক যারা ফেসবুক ব্যবহার করেন, তাদের ক্ষেত্রে খুব একটা অসুবিধা হওয়ার কথা নয়! চাপ তাদেরই, যাদের একাধিক ডামি প্রোফাইল রয়েছে। লগ-ইন করতে গেলেই প্রথমে কার্যকরী ফোন নম্বর চেয়ে বসবে ফেসবুক। আর তারপরেই নিজের আসল ছবিটি দিয়েই লগ ইন করতে বলা হবে। অন্য আরো নম্বর দিয়ে ফেসবুক অ্যাকাউন্ট অ্যাক্টিভেটেড থাকলে চলবে না।

ভুয়ার গেরো থেকে বাঁচতে বহু মানুষই ডিঅ্যাক্টিভেট করেছেন তাদের আসল প্রোফাইল। আর সেই জায়গায় বেশ কিছু ডামি প্রোফাইল খুলে চালাচ্ছেন তারা। সেই জায়গা থেকেই প্রথমত ভুয়ো অ্যাকাউন্ট যাতে চিরতরে বন্ধ করা যায়, দ্বিতীয়ত ভুয়া প্রোফাইলের খপ্পরে পড়ে যাদের ইতিমধ্যে আসল প্রোফাইল ডিলিট করে অন্য ডামি প্রোফাইল খুলতে হয়েছে, সেইসব ব্যবহারকারীকে মূলস্রোতে আনতে এই পদক্ষেপ নিচ্ছে ফেসবুক।